দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

22

তারিখ 10 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 3

# মাদ্রাসা শিক্ষার ব্যাঘাত সৃষ্টির মত কিছু করা হলে তা বাতিল করা হবে

## প্রেসিডেন্ট

।। স্টাফ রিপোর্টার ।।

প্রেসিডেন্ট আলহাজ্ব এইচ, এম, এরশাদ বলেছেন, মাদ্রাসা শিক্ষার ব্যাঘাত সৃষ্টি হয় অথবা আমার প্রিয় মাদ্রাসা শিক্ষকদের চলার পথে বাধা সৃষ্টি করার মতো কিছু হলে তা বাতিল করা হবে। গতকাল মহাখালী গাউসুল আযম মসজিদ কমপ্লেক্সে জমিয়াতুল মোদারেছীনের বিশেষ সম্বর্ধনা অনুষ্ঠানে প্রেসিডেন্ট একথা বলেন। এর আগে জমিয়তের প্রবীণ পৃষ্ঠপোষক

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

### প্রেসিডেন্ট

প্রথম পৃষ্ঠার পর

ছারছীনার পীর হযরত মাওলানা শাহ আবু জাফর মোহাম্মদ ছালেহ এবং সভাপতি মাওলানা এম, এ, মান্নান প্রেসিডেন্টের দৃষ্টি আকর্ষণ করে বলেন, বর্তমানে মাদ্রাসা মঞ্জুরী ও নবায়নের ব্যাপারে জমি, রিজার্ভ ফাণ্ড, ছাত্র সংখ্যা, ফিসহ বিভিন্ন শর্তারোপের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা সংকোচনের একটা ষড়যন্ত্র চলছে। এ ব্যাপারে তারা প্রেসিডেন্টের হস্তক্ষেপ কামনা করেন। মাওলানা এম, এ, মান্নান প্রধানমন্ত্রীর নেতৃত্বে এ ব্যাপারে একটি তদন্ত কমিটি গঠনেরও সুপারিশ দেন।